



সমস্যা সমাধানকল্পে গুরুত্বপূর্ণ বার্তা চিহ্নিতকরণ

টিপস্ ও ফ্যাক্ট
সীট

সম্প্রসারণ প্রবাহ মডেলের এ পর্যায়ে টার্গেট গ্রুপ এবং তাদের সমস্যাকে চিহ্নিত করা এবং সমস্যার বিপরীতে যথার্থ সমাধানটি নির্ণয় করা। সমস্যা সমাধানের জন্যে গুরুত্বপূর্ণ বার্তাটি কি হবে সেটির খসড়া প্রস্তুত করাই এখানে জরুরী। সমস্যার প্রতিটি ধাপকে গুরুত্ব দিয়ে, সংক্ষিপ্তকারে এবং টার্গেট গ্রুপের কাছে সহজবোধ্য করে বার্তাটি তৈরী করতে।

কিভাবে একটি গুরুত্বপূর্ণ বার্তা তৈরী করা যায়?

- সম্প্রসারণের জন্যে গুরুত্বপূর্ণ অংশগুলো প্রথমে চিহ্নিত কর ন (যেমন প্রযুক্তিটি ব্যবহারের জন্যে কি জ্ঞানের দরকার?)
- সুবিধাসমূহের বিবরণ দিন (যেমন, বেশী আয়, কম শ্রম, নিশ্চয়তা, কম ঝুঁকি ইত্যাদি)
- ঝুঁকি সমূহ কি কি?
- কেন নতুন প্রযুক্তি অনেক কৃষকই ব্যবহার করে না, সে বিষয়ে আলোকপাত কর ন।

নোট: উপস্থিত দর্শক-শ্রোতাদের উপরও অপরিহার্য উপাদানসমূহ নির্ভর করে।

গুরুত্বপূর্ণ বার্তা কিভাবে ব্যবহৃত হয়?

অপরিহার্য তথ্য নিয়ে গুরুত্বপূর্ণ বার্তাটি তৈরী করা এরপর এটি ব্যবহারকারীদের মধ্যে ছড়িয়ে দেয়া হয়। ব্যবহারকারীদের মধ্যে এটি ছড়িয়ে দেয়ার জন্যে যা গুরুত্বপূর্ণ সেটি হচ্ছে কোন মাধ্যমে তারা সহজেই এটি বুঝতে পারবে, সেটি ঠিক করা (যেমন, রেডিও, ভিডিও, ফ্যাঙ্কশীট, মাঠ পর্যায়ের প্রদর্শনী ইত্যাদি)

উদাহরন

সমস্যা: আগাছা

মনে করুন একটি সম্ভব সমাধান হচ্ছে: হার্বিসাইড প্রয়োগ করা।

কিভাবে কৃষকেরা জানতে পারবে যে কিভাবে, কখন ও কি পরিমাণে এটি প্রয়োগ করা যাবে?


উদাহরনের উপাদানটির বিষয়ে তাদের অবশ্যই জানতে হবে:

- পণ্যটি কি?
- এটি কিভাবে কাজ করবে?
- কি পরিমাণে ব্যবহার করতে হবে (যেমন, পানির সাথে অনুপাত কত? ব্যবহার করার জন্যে অন্য কোন উপাদান দরকার আছে কি?)
- কখন এটি ব্যবহার করবে? (যেমন এটি কি ফসল পর্যায়ে না আগাছা পর্যায়ে ব্যবহৃত হবে?)
- কিভাবে এটির সর্বোত্তম ব্যবহার করা যায়?
- নিরাপত্তার বিষয়টিও এখানে বিবেচনা করতে হবে।
- ইত্যাদি।

একটি সমস্যা সমাধানের মূল বার্তা এমন হওয়া উচিত যাতে এটি বাস্তবায়নের জন্য দিক নির্দেশনা থাকে



কৃষকদের কাছে পৌছার জন্য ভিত্তিই হলো মূল বার্তা



মূল বার্তা হলো সম্প্রসারণ প্রবাহ মডেলের তৃতীয় ধাপ